জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১
ফ্যাক্স:০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

# প্রেস বিজ্ঞপ্তি

## ‘জুলাই গণঅভ্যুত্থান: চিত্র, শব্দ, আর্তনাদ’ শীর্ষক ছবি প্রদর্শনীর উদ্বোধন ৷৷

### ‘চিত্র’ সময়কে ধারণ করে- জাবি উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৩ অক্টোবর ২০২৪

জাহাঙ্গীরনগর ফটোগ্রাফিকস সোসাইটির আয়োজনে ‘জুলাই গণঅভ্যুত্থান: চিত্র, শব্দ, আর্তনাদ’ শীর্ষক ছবি প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান বলেছেন, গণমাধ্যমের বিভিন্ন অনুষঙ্গের মধ্যে ‘চিত্র’ সময়কে ধারণ করে। একটি চিত্র সমাজ ও রাষ্ট্রকে ব্যাপকভাবে আন্দোলিত এবং আলোড়িত করতে পারে। এই চিত্র কখনও কখনও পৃথিবীব্যাপী আলোচনারও জন্ম দিতে পারে। জাহাঙ্গীরনগর ফটোগ্রাফিকস সোসাইটির জুলাই-আগস্টের ছবি প্রদর্শনী সাম্প্রতিক গণঅভ্যুত্থান এবং ৫ আগস্টের কথা স্মরণ করিয়ে দিচ্ছে। এই চিত্র মানুষের অধিকারকে অস্বীকার করে ফ্যাসিস্ট সরকারের নিপীড়ণ-নির্যাতন এবং হত্যাযজ্ঞের চিত্র স্মরণ করিয়ে দিচ্ছে। উপাচার্য মন্তব্য করেন, এ ধরনের প্রদর্শনী চলমান রাখতে হবে, যা ২০২৪ এর গণঅভ্যুত্থান পরবর্তী স্বপ্নের বাংলাদেশ তৈরিতে সহায়ক হবে। ছবি প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে প্রক্টর অধ্যাপক ড. এ. কে. এম. রাশিদুল আলম, আলোকচিত্রী নাসির আলী মামুন এবং জাহাঙ্গীরনগর ফটোগ্রাফিকস সোসাইটির সদস্যরা উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে তিন দিনব্যাপী ছবি প্রদর্শনীর পাশাপাশি প্যারফরমেন্স আর্ট, ভিডিও এক্সিবিশন এবং গান ও র‍্যাপের আয়োজন করা হয়েছে।

২৩.১০.২৪

ড. মোহাম্মদ মহিউদ্দিন

পরিচালক (ভারপ্রাপ্ত)